

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১২.০০৫.১৪/২৭৭


তারিখ : ২৫/০৩/২০১৭খ্রিঃ।

বিষয় : কর্মচারীদের পদোন্নতি প্রসঙ্গে।

নির্দেশিত হয়ে উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ৩য় ও ৪র্থ শ্রেণীর স্থায়ী রাজস্বখাতভুক্ত কর্মরত কর্মচারীদের পদোন্নতি সংক্রান্ত বিষয়ে ইতোপূর্বে কাগজপত্র চাওয়া হয়েছিল। কিন্তু এখনও পর্যন্ত সকলের আবেদন ও কাগজপত্র পাওয়া যায় নি। যার প্রেক্ষিতে পদোন্নতি সংক্রান্ত কাজটি সঠিক সময়ে সম্পন্ন করা সম্ভব হচ্ছে না।

- ২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষগণের মাধ্যমে ৩য় ও ৪র্থ শ্রেণীর সকল কর্মচারীদের আবেদনসহ পদোন্নতি সংক্রান্ত প্রয়োজনীয় কাগজ-পত্রাদি আবশ্যিকভাবে (পদোন্নতি না চাইলে তা উল্লেখপূর্বক) আগামী ২৩/০৩/২০১৭খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১২ ঘটিকার মধ্যে লোক মারফত অত্র অধিদপ্তরের ডেসপাস শাখায় পৌঁছানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল। (উল্লেখ্য যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৮.০০২.১৬-৯৬/৯৭/৯৮/৯৯/১০০, তারিখ-০১/০২/২০১৭খ্রিঃ মোতাবেক নিয়মিতকৃত ৭১০ জন কর্মচারী এবং পূর্বে আবেদনকৃত কর্মচারীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। এছাড়াও, কোন কর্মচারী চাকুরীরত অবস্থায় শিক্ষাগত সনদ অর্জন করে থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি পত্রসহ প্রেরণ করতে হবে। অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের টাইপিং এ সর্বশেষ সরকারী প্রজ্ঞাপন অনুযায়ী পরীক্ষা নেয়া হবে)

এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

  
(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)  
সহকারী পরিচালক-৩  
ফোন-০২-৮১৮১২২৫

প্রাপক,

- ১। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/ঢাকা/ঢাকা মহিলা/ময়মনসিংহ/টাঙ্গাইল/ফরিদপুর/চট্টগ্রাম/বি.এস/ফেনী/কুমিল্লা/রাজশাহী/বগুড়া/পাবনা/দিনাজপুর/রংপুর/খুলনা/যশোর/কুষ্টিয়া/বরিশাল/পটুয়াখালী/সিলেট/মাগুরা/মৌলভীবাজার/কিশোরগঞ্জ/চাঁপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট, রামমালা, কুমিল্লা। (বিষয়টি তাহার প্রতিষ্ঠানের কর্মচারী-গণের মধ্যে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ এবং প্রাপ্ত আবেদনসমূহ অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
- ২। আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হল।)
- ৩। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (বিষয়টি অত্র অধিদপ্তরের কর্মচারীগণের মধ্যে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।)
- ৪। নথি।